# মিনাবে নিহত শিশুদের ছবি শেয়ার করে গালিবাফের পোস্ট, ‘আমার সফরসঙ্গী’



মিনাবে স্কুল হামলায় নিহতদের ছবি বিমানে। ছবি: সংগৃহীত

ইসলামাবাদে ইরান–যুক্তরাষ্ট্রের সম্ভাব্য শান্তি আলোচনায় অংশ নিতে যাত্রা শুরুর মুহূর্তে এক ব্যতিক্রমী বার্তা দিয়েছেন ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। বিমানে বসেই তিনি একটি ছবি শেয়ার করেন, যা দ্রুতই সামাজিক মাধ্যমে আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়।

ছবিতে দেখা যায়, বিমানের কয়েকটি আসনে বসানো রয়েছে শিশুদের ছবি ও তাদের ব্যবহার করা জিনিসপত্র—যারা সম্প্রতি মিনাবে একটি বিদ্যালয়ে হামলায় প্রাণ হারিয়েছিল।

গালিবাফ ছবিটির ক্যাপশনে লিখেছেন, “এই যাত্রায় তারাই আমার সঙ্গী।”




LENS ASIA

গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় মিনাবের একটি বালিকা বিদ্যালয়ে ভয়াবহ প্রাণহানি ঘটে। এতে প্রায় ১৭০ শিক্ষার্থী নিহত হয়, পাশাপাশি ১৪ জন শিক্ষক ও আরও কয়েকজন কর্মচারীও প্রাণ হারান। সেই ঘটনার স্মৃতি তুলে ধরতেই নিহতদের ছবি ও রক্তাক্ত ব্যাগ বিমানের আসনে রেখে প্রতীকী এই ছবি তোলেন গালিবাফ।

তার এই পোস্টকে অনেকেই শান্তি আলোচনার আগে এক ধরনের বার্তা হিসেবে দেখছেন, যেখানে তিনি নিহতদের স্মরণ করে আলোচনার গুরুত্ব তুলে ধরতে চেয়েছেন।